

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্ল্যানিং শাখা
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.১৮

তারিখ: ৮ আশ্বিন ১৪২৬

২৩ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: ঢাকা ম্যাস র্‌যাপিড ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এর উত্তরা নর্থ স্টেশনে যাত্রীদের ওঠানামা ও কার পার্কিং এর জন্য প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ০.৩৫৪ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৩৫.০৫.০০০০.৬৫১.৮৪.০০৯.১৯.৬৮৭; তারিখ: ১২/০৯/২০১৯ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ম্যাস র্‌যাপিড ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এর উত্তরা নর্থ স্টেশনে যাত্রীদের ওঠানামা ও কার পার্কিং এর জন্য প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ০.৩৫৪ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করা হয়। চাহিতব্য জমির ছাড়পত্র প্রদানের জন্য দাখিলকৃত তথ্য ও নকশা অসম্পূর্ণ থাকায় প্রস্তাবিত জমি অধিগ্রহণের ছাড়পত্র প্রদান করার সুবিধার্থে নিম্নলিখিত নকশা ও তথ্যাদিসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে জরুরী প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত চাহিতব্য প্রতিটি দাগে জমির পরিমাণ উল্লেখপূর্বক আর. এস. দাগ সূচী।


২. আর. এস. মৌজা ম্যাপের উপর চিহ্নিতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগসূচীসহ সাইট প্ল্যান।

৩. প্রত্যাশী সংস্থা কর্তৃক মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

৪. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত ভূমি অধিগ্রহণ ছাড়পত্র।

৫. পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদানকৃত ভূমি অধিগ্রহণ ছাড়পত্র।

৬. একই জমি নিজ/অন্য কোন মন্ত্রণালয় হতে ভিন্ন কোন দপ্তরকে প্রশাসনিক অনুমোদন দেয়ে হয় নি মর্মে প্রত্যয়ন পত্র।



২৩-৯-২০১৯

জনাব শাহীন আহম্মেদ

সিনিয়র প্ল্যানার


মো: আফতাবউদ্দিন তালুকদার, প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
(লাইন-৬)
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.১৮/১(৬)

তারিখ: ৮ আশ্বিন ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৪) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২৩-৯-২০১৯

মো: রাসেদুল ইসলাম
সহকারী প্ল্যানার